জোগান কম, ভাইফোঁটায় ইলিশের দাম বাড়ার আশঙ্কা

ধূপগুড়ি, ৮ নভেম্বর ঃ ভাইফোঁটায় ভাইয়ের পাতে মাছের পদ থাকা মাস্ট। সব দিদিই চায় তার ভাইকে মাছের কোনো পদ রান্না করে খাওয়াতে। আর মাছের মধ্যে সব সময় এগিয়ে থাকে ইলিশ। কিন্তু ভাইফোঁটার আগে মাছ নিয়ে আশঙ্কার কথাই শোনাচ্ছেন মৎস্য ব্যবসায়ীরা। জোগান কম, তাই লাগামছাড়া দাম হতে পারে ইলিশের। দাম বাড়তে পারে ভেটকি, পাবদা, রুই কিংবা চিংড়িরও। তাই বাজেট সামলে কীভাবে ভাইদের মাছ খাওয়ানো যায়, এখন সেই চিন্তাই করছেন দিদিরা।

ধূপগুড়ি ব্লকের মৎস্য ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, এক কেজি ওজনের ইলিশের দাম বারোশো টাকা থেকে পনেরশো টাকা হতে পারে। পাবদার দাম থাকতে পারে ৬০০ টাকা থেকে ৭০০ টাকা। ভেটকি ও ছোটো গলদা চিংড়ির দাম হতে পারে ৫০০ টাকা থেকে ৬০০ টাকা। বাগদা চিংড়ির দাম এক হাজার টাকা ছাড়িয়ে যেতে পারে। ট্যাংরা মিলতে পারে ৬০০ টাকা থেকে ৭০০ টাকায়। ধূপগুড়ি মৎস্য ব্যবসায়ীদের সংগঠনের সম্পাদক মনোজ শা বলেন, প্রতি বছরই ভাইফোঁটার দিন ইলিশের চাহিদা থাকে। কিন্তু এই বছর কালীপুজোর সময় ধূপগুড়ি ব্লকে সেভাবে ইলিশ মাছ আমদানি হয়নি। যেটুকু এসেছে তার দাম আকাশছোঁয়া। তাও কতক্ষণ মিলবে, তা নিয়েও সন্দেহ রয়েছে। বৃহস্পতিবার বাজারে ২০০ থেকে ৩০০ গ্রামের ছোটো ইলিশ ছাড়া বড়ো ইলিশ চোখে পড়েনি। ছোটো ইলিশের দাম ছিল ৬০০ টাকা থেকে ৮০০ টাকা। ক্রেতাদের একাংশের অভিযোগ, অনেক অসাধু ব্যবসায়ী এই সময়ে ইলিশ মাছ স্টক করে রাখে। পরে তা চড়া দামে বিক্রি করে। ফলে ইলিশের দাম নাগালের বাইরে চলে যায়। তবুও দাম নিয়ে কার্পণ্য করতে রাজি নন দিদিরা। গৃহবধূ রেখা মিত্র, অনিন্দিতা ঘোষ, পুষ্পিতা সরকার বলেন, প্রতি বছরই ভাইফোঁটার সময় মাছের দাম বেড়ে যায়। তবুও ভাইদের কথা ভেবে মাছ কিনি। রোজ রোজ তো ভাইদের এভাবে খাওয়ানো হয় না।

জলপাইগুড়ি জেলা মৎস্য দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর শঙ্ক চক্রবর্তী জানান, এই বছর ভাইফোঁটা অনেকটা পিছিয়ে গিয়েছে। বর্ষা চলে যাওয়ায় ইলিশ ধরা পড়ছে কম। ফলে চাহিদার থেকে জোগান কমে যাওয়ায় দাম এমনিতেই বেশি। ভাইফোঁটায় চাহিদা আরও বেড়ে যাওয়ায় দামও বাড়ছে।

ক্রেতার অপেক্ষায় মাছ ব্যবসায়ীরা। ছবি ঃ উজ্জ্বল রায়

মুখ্যমন্ত্রীর সভাস্থল সাফাই শুরু

চালসা, ৮ নভেম্বর ঃ উত্তরবঙ্গ সংবাদ-এর খবরের জেরে টিয়াবনে মুখ্যমন্ত্রীর সভাস্থল পরিষ্কারের কাজ শুরু হল। বৃহস্পতিবার সকাল থেকেই ওই এলাকায় শ্রমিকদের দিয়ে আবর্জনা সাফাই করা হয়। ৩১ অক্টোবর চালসার টিয়াবনের মাঠে জনসভা ও প্রশাসনিক বৈঠক করেন মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সভার ছয়দিন পেরিয়ে গেলেও সভাস্থল পরিষ্কার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন চালসার পরিবেশপ্রেমী সুমন চৌধুরি। বিষয়টি তিনি মৌখিকভাবে মেটেলির জয়েন্ট বিডিও-কে জানান। ওই সভাস্থলের পাশেই রয়েছে খরিয়ার বন্দরের সংরক্ষিত বনাঞ্চল। ওই মাঠে বহু গবাদিপশুও বিচরণ করে। বন্যপ্রাণীরাও মাঝে মাঝে চলে আসে ওই মাঠে। সভাস্থলের মাঠে যত্রতত্র প্লাস্টিকের বোতল, থার্মোকলের পাতা, মদের বোতল সহ বিভিন্ন আবর্জনা পড়ে ছিল। এই খবর গত ৭ নভেম্বর উত্তরবঙ্গ সংবাদ-এ প্রকাশিত হয়। খবর প্রকাশের পরই নড়েচড়ে বসে সংশ্লিষ্ট বিভাগ। অবশেষে এদিন ওই মাঠ পরিষ্কারের কাজ শুরু হয়। এতে স্বাভাবিকভাবেই খুশি পরিবেশপ্রেমীরা।

বিধ্বংসী আগুনে ছাই গুদাম

কিশনগঞ্জ, ৮ নভেম্বর ঃ বুধবার রাতে বাজির আগুনে কিশনগঞ্জের শাস্ত্রী মার্গে একটি পরিবহণ সংস্থার বড়ো গুদাম প্রায় ভস্মীভূত হয়ে যায়। দমকল আসার আগে স্থানীয় ব্যবসায়ীরা আগুন নেভানোর চেষ্টা করেন। এরপর খাগড়া থেকে দমকলের দুটি গাড়ি এসে আগুন আয়ত্তে আনে। ফায়ার ব্রিগেডের স্থানীয় আধিকারিক মনোজ চৌধুরি জানান, সম্ভবত বাজির ফুলকি থেকে গুদামে আগুন লাগে। কেননা সেইসময় শহরে লোডশেডিং চলছিল। অপরদিকে, এই আগুন লাগার পরে গুদাম সংলগ্ন সাগর মিল চত্বরের অন্য গুদাম মালিকদের মধ্যে আতঙ্ক ছড়ায়। বৃহস্পতিবার সকালেও ওই গুদামে আগুন জ্বলতে দেখা গিয়েছে। এই গুদামটির কর্মী সুরেশ জৈন বলেন, 'আগুনে প্রায় কোটি টাকার সম্পত্তি জ্বলে গিয়েছে।'

করণদিঘি মেতেছে পুজোয়

করণদিঘি, ৮ নভেম্বর ঃ করণদিঘি ব্লক শ্যামাপুজো কমিটির পুজো ও দীপাবলি উৎসব নিয়ে মেতেছে করণদিঘি। পুজো প্রাঙ্গণে কালীপুজোর দিন থেকেই লাগাতার চলছে নানারকম অনুষ্ঠান। করণদিঘির বিডিও বিজয় মুক্তান এই দীপালি উৎসবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন করণদিঘি পঞ্চায়েত সমিতির সভাপতি কামরুজ্জামান সহ আরও অনেকে। বৃহস্পতিবার রাতেও রয়েছে গানের অনুষ্ঠান। করণদিঘি ব্লক শ্যামাপুজো কমিটির পুজো এবার ১৮তম বর্ষ। শালপাতার থালা-বাটি দিয়ে সাজানো এক কাল্পনিক মন্দিরের আদলে তৈরি হয়েছে মণ্ডপ। পুজো কমিটির পক্ষে উদয়চাঁদ ঠাকুর জানান, শুক্রবার ভাইফোঁটার দিনেও এখানে স্থানীয় শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক ও বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠান চলবে।

অকাল দুর্গাপুজোয় মাতলেন আমবাড়ির বাসিন্দারা

চোপড়া, ৮ নভেম্বর ঃ চারদিকে যখন দীপাবলি নিয়ে মাতোয়ারা, ঠিক এমন সময় অকাল দুর্গাপুজো ঘিরে মেতে উঠল চোপড়া ব্লকের আমবাড়ি। বৃহস্পতিবার হাপতিয়াগছ গ্রাম পঞ্চায়েতের আমবাড়িতে অনুষ্ঠিত হল দুর্গাপুজো। পুজোকে ঘিরে বসেছে মেলা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দেড়শো বছর আগে এই পুজোর সূচনা হয়েছিল। প্রত্যেক বছর দুর্গাপুজোর তিন সপ্তাহ পর এবং কালীপুজোর পরের দিন আমবাড়িতে দুর্গাপুজো অনুষ্ঠিত হয়। স্থায়ী মন্দিরেই এই পুজো হয়। মূল মন্দির ছাড়াও মন্দির চত্বরে বেশ কিছু ছোটো ছোটো মন্দির রয়েছে। এলাকার প্রবীণ বাসিন্দাদের মতে, কালীপুজোর পর গোবর্ধনপুজোর দিন এখানে দুর্গাপুজো অনুষ্ঠিত হয়ে আসছে। শোনা যায়, নিয়ম ভেঙে এবার নাকি দুর্গাপুজোর সময় পুজোর আয়োজন করা হয়েছিল। কিন্তু সেই রাতে এলাকার জঙ্গলের একাংশ আগুনে পুড়ে যায়। তারপর থেকে বর্তমান নিয়মেই পুজো হয়।

আমবাড়ির অকাল দুর্গাপুজো ঘিরে প্রত্যেকবার মেলা বসে। বৃহস্পতিবার দুপুরের পর থেকে মেলায় ভিড় জমতে থাকে। এখানকার মেলায় মূল আকর্ষণ 'বাঘচাবা' ফল। সংশ্লিষ্ট এলাকায় আলু জাতীয় একধরনের ফলের চাষ হয়, স্থানীয়দের কাছে এই ফল 'বাঘচাবা' ফল নামে পরিচিত। প্রত্যেকবার মেলাতে এই বাঘচাবা ফল কিনতে মানুষের হিড়িক পড়ে। স্থানীয়দের একাংশ শুধুমাত্র এই মেলাতে বাঘচাবা বিক্রির জন্য আগেভাগে চাষ করেন। মেলার দিন তাঁরা এই বাঘচাবা ফলের পসরা সাজিয়ে বসেন। এবারও গ্রামীণ এলাকার ছোটো মেলা হিসাবে এই মেলায় বিভিন্ন এলাকা থেকে ব্যবসায়ীরা এসেছেন। মেলা কমিটির অন্যতম কর্মকর্তাদের মধ্যে ধনদেব সিংহ ও অনাথ সিংহ বলেন, এই পুজোয় দুর্গাপুজোর পাশাপাশি হিন্দুধর্মের তেত্রিশ কোটি দেবতার পুজো হয়।

রক্তদান শিবির

রাজগঞ্জ, ৮ নভেম্বর ঃ কালীপুজো উপলক্ষ্যে রাজগঞ্জ থানার পক্ষ থেকে বৃহস্পতিবার রক্তদান শিবিরের আয়োজন করা হয়। জলপাইগুড়ি জেলা হাসপাতালের সহযোগিতায় এদিন রক্তদান শিবির থেকে ১২৪ ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে। থানার পুলিশকর্মী, সিভিক ভলান্টিয়ার ছাড়াও এলাকার অনেকে রক্তদান করেন। সংগৃহীত রক্ত জলপাইগুড়ি জেলা হাসপাতালে জমা দেওয়া হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন সিআই দীপাজ্জ্বল ভৌমিক, রাজগঞ্জ থানার ওসি সুজন কুণ্ডু, ব্লক মেডিকেল অফিসার শুভদীপ সরকার প্রমুখ। – **সংবাদ নিউজ সার্ভিস**

মঙ্গলবাড়ি হাটের উন্নয়নের কাজ শুরু

খাজনা বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার ব্যবসায়ীদের

চালসা, ৮ নভেম্বর ঃ মুখ্যমন্ত্রীর হাত দিয়ে পরিকাঠামো উন্নয়নের কাজ শুরু হওয়ায় খাজনা বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিলেন চালসার মঙ্গলবাড়ি হাটের ব্যবসায়ীরা। বৃহস্পতিবার মাইকিং করে গোটা হাটে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়। হাট ব্যবসায়ী সমিতির সভাপতি রামবাবু ঠাকুর বলেন, 'ব্যবসায়ীদের আমরা আজ থেকেই খাজনা দিতে বলেছি।'

জলপাইগুড়ি জেলাপরিষদের অধীনে রয়েছে চালসার মঙ্গলবাড়ি হাট। প্রতি বৃহস্পতিবার এখানে হাট বসে। হাটে ডুয়ার্স সহ জেলার বিভিন্ন প্রান্তের কয়েকশো ব্যবসায়ী পসরা নিয়ে আসেন। পাহাড় সংলগ্ন চা বাগান সহ গ্রামীণ এলাকার বহু ক্রেতাও আসেন এই হাটে। কিন্তু দীর্ঘদিন ধরেই এই হাটটির বেহাল দশা। বিপজ্জনকভাবে রয়েছে হাট শেড। বেহাল নিকাশি ব্যবস্থার জন্য সামান্য বৃষ্টিতেই হাটে জল জমে। ফলে সমস্যায় পড়তে হয় ক্রেতা-বিক্রেতা উভয়কেই। এর আগে যাবতীয় সমস্যার কথা জেলাপরিষদকে জানিয়েছিলেন ব্যবসায়ীরা। কিন্তু কোনো কাজ না হওয়ায় বছরখানেক আগে ব্যবসায়ী সমিতির তরফে হাটের খাজনা বয়কটের সিদ্ধান্ত নেওয়া হয়। পরবর্তীতে খাজনা বয়কটের সিদ্ধান্ত বহাল রেখে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে হাটের পরিকাঠামো উন্নয়নের প্রস্তাব দেয় ব্যবসায়ী সমিতি। সেইমতো উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের ইঞ্জিনিয়াররা হাটে এসে মাপজোখও করে যান। সম্প্রতি উত্তরবঙ্গ সফরে এসে ডুয়ার্সের টিয়াবনের সভা থেকে হাটের পরিকাঠামো উন্নয়ন কাজের শিলান্যাস করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। এরপর এদিন ব্যবসায়ী সমিতি আনুষ্ঠানিকভাবে খাজনা বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করে নেয়। ব্যবসায়ী সমিতির সম্পাদক আশিস কুণ্ডু জানান, খাজনা ফাঁকি দেওয়া তাঁদের উদ্দেশ্য ছিল না। মূল লক্ষ্য ছিল, হাটের উন্নয়ন। জেলাপরিষদ কর্তৃপক্ষ তাঁদের দাবি না মানায় খাজনা বয়কটের সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছিলেন। কিন্তু মুখ্যমন্ত্রী নিজে হাটের পরিকাঠামো উন্নয়ন কাজের শিলান্যাস করায় তাঁরা খাজনা বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করে নিলেন। আশা করছেন, খুব শীঘ্রই হাটের হাল ফিরবে।

বাস থেকে উদ্ধার কাঠ

রাজগঞ্জ, ৮ নভেম্বর ঃ দূরপাল্লার বাস থেকে উদ্ধার হল অবৈধ কাঠ ও আসবাব। মণিপুর থেকে বিহারগামী ওই বেসরকারি বাসটি থেকে উদ্ধার হওয়া কাঠ ও আসবাবের মূল্য প্রায় দশ লক্ষ টাকা। বুধবার গভীর রাতে জলপাইগুড়ির গোশালা মোড় থেকে কাঠগুলি উদ্ধার করেন বৈকুণ্ঠপুর বনবিভাগের উত্তরবঙ্গের স্পেশাল টাস্কফোর্সের কর্মীরা। বাস মালিকের নাম যুগলকিশোর মাহাতো। তাঁর বাড়ি মণিপুরে। বাসের নীচে যাত্রীদের লাগেজ রাখার চেম্বার থেকে কাঠের ফার্নিচার সহ শালকাঠগুলি উদ্ধার হয়েছে। টাস্কফোর্সের প্রধান তথা বেলাকোবার রেঞ্জ অফিসার সঞ্জয় দত্ত বলেন, 'গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযান চালানো হয়। বাসটিতে তল্লাশি চালানোর পর কাঠগুলি উদ্ধার হয়েছে। তবে বাসের চালক ও অন্য কর্মীরা পালিয়ে যায়। যাত্রীদের অন্য বাসে তাঁদের গন্তব্যে পাঠিয়ে দেওয়া হয়েছে। বাসের মালিককে গ্রেফতারের জন্য আদালতের কাছে অনুমতি চাওয়া হবে।' তিনি বলেন, 'আগে মালবাহী গাড়ি, যাত্রীবাহী ছোটো গাড়ি এবং অ্যাম্বুলেন্সে কাঠ পাচার করার সময় একাধিকবার ধরা পড়েছে পাচারকারীরা। বাসের চেম্বারে কাঠ পাচার হওয়ার বিষয়টিও ধরা পড়ল। তাই এখন থেকে সব ধরনের যানবাহনে নজরদারি চালানো হবে।'

– **সংবাদ নিউজ সার্ভিস**

উদ্ধার হওয়া অবৈধ কাঠ ও আসবাব। –সংবাদচিত্র

কালীপুজোর মেলা

টুঙ্গিদিঘি, ৮ নভেম্বর ঃ কালীপুজো উপলক্ষ্যে জুঝাড়পুর গ্রামে জমে উঠেছে মেলা। বুধবার সকাল থেকে শুরু হয়েছে মেলা। জুঝাড় গ্রামের কালীপুজো নিয়ে এলাকার বাসিন্দাদের উৎসাহ থাকে। দেবীর কাছে প্রার্থনা করলে পূরণ হয় বলে বিশ্বাস স্থানীয়দের। পুজোকে কেন্দ্র করে বসেছে দোকান। মিষ্টি, ফুচকা, খেলনা প্রভৃতি নানা ধরনের দোকানে সেজে উঠেছে মেলা।

হাতির হামলা রোধে রাত জেগে টহল

মালাবাজার, ৮ নভেম্বর ঃ কালীপুজো ও দীপাবলির উৎসব চলছে। তাই হাতি উপদ্রুত এলাকাগুলিতে হাতির হামলা রোধে রাত জেগে টহল দিচ্ছেন বনকর্মীরা। এছাড়া কিছুদিন পর ছটপুজো। ডুয়ার্সজুড়ে নদীর ধারে ছটপুজো হয়। রাত জেগে পুজো অর্চনা চলে। সেইসময় ছটপুজোকে কেন্দ্র করে ঘাটগুলিতে বাড়তি নজরদারি থাকছে। হাতির হানা রুখতেও উদ্যোগ নেওয়া হয়েছে। মাল ব্লকের বাগ্রাকোট, ডামডিম, ওদলাবাড়ি, রাঙ্গামাটি, রাজাডাঙ্গা, কুমলাই ইত্যাদি গ্রাম পঞ্চায়েত এলাকায় হাতি চলাচলের করিডর আছে। সারাবছর হাতির দলের উপদ্রব লেগে থাকে। এখন পাকা ধান কাটার মরশুম চলছে। ধানের লোভে হাতির দলের উপদ্রবের মাত্রা অনেকটাই বেড়েছে। কালীপুজো, ছটপুজোর সময় হাতির দলের আনাগোনার মাত্রা বেড়েছে। চিন্তা বাড়ছে বনকর্মীদের। অনেক কালীপুজোর মণ্ডপ ও ছটঘাট রয়েছে হাতি উপদ্রুত এলাকায়। বনকর্মীরা ওইসব এলাকায় দলে বিভক্ত হয়ে টহল দিচ্ছেন। গরুমারা বন্যপ্রাণ বিভাগের আওতাধীন মালবাজার বন্যপ্রাণ স্কোয়াডের ভারপ্রাপ্ত রেঞ্জ ওয়ার্ডেন সমীর শিকদার বলেন, 'আমাদের কর্মীরা রাত জেগে টহল দিচ্ছেন। বিকাল থেকে ভোর পর্যন্ত টহল চলছে। হাতির দলের উপর বিশেষ নজর রাখা হচ্ছে।'

ছটঘাট সংস্কার

বিন্নাগুড়ি, ৮ নভেম্বর ঃ বেহাল ছটঘাট সংস্কারে উদ্যোগী হল বিন্নাগুড়ি ছটপুজো কমিটি। তেলিপাড়া নদীর ছটঘাটে প্রত্যেক বছরের মতো এবারও ছটপুজোর আয়োজন করা হচ্ছে। বৃহস্পতিবার থেকে তেলিপাড়া নদীতে আর্থমুভার নামিয়ে শুরু হয়েছে ছটঘাট সংস্কারের কাজ। পুজো কমিটির উদ্যোক্তাদের মধ্যে গোপাল সিং, বিবেক শাহ, উমেশ প্রসাদ, শ্রীকান্ত যাদব প্রমুখ জানান, এবারে এই ছটপুজো ৩৩ বছরে পড়তে চলেছে। এবারে পুজোর বাজেট গত বছরের থেকে একটু বেশি। প্রায় ৫ হাজার মানুষ এই ঘাটে পুজো দিতে আসেন। চাঁদা তুলে পুজোর আয়োজন করা হয়। তাছাড়া পুজোর পাশাপাশি বহিরাগত শিল্পীদের নিয়ে থাকছে ভজন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।

অতিরিক্ত কামরার সংযোজন

উৎসবের সময়ে যাত্রীদের অতিরিক্ত যাত্রী ভিড় সামলাতে নীচের বর্ণনা অনুযায়ী নিম্নলিখিত ট্রেনগুলিতে সাময়িক ভিত্তিতে একটি অতিরিক্ত কামরা সংযোজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ঃ

ট্রেন নং. ও নাম	কামরা	কার্যকর হবে
১২৪২৪ নতুন দিল্লি - ডিব্রুগড় রাজধানী এক্সপ্রেস	এসি-৩ টায়ার (একটি)	নতুন দিল্লি থেকে ২০-১১-২০১৮ থেকে ২৫-১১-২০১৮ পর্যন্ত
১২৪২৩ ডিব্রুগড় - নতুন দিল্লি রাজধানী এক্সপ্রেস		ডিব্রুগড় থেকে ২২-১১-২০১৮ থেকে ২৭-১১-২০১৮ পর্যন্ত

জেনারেল ম্যানেজার (অপারেশন)

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং : সিওএম/এএমসি/ইউটিএস-পিআরএস/এম/১৪/পিটি.IV, তারিখ : ৩১.১০.২০১৮। সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য সিল করা ওপেন টেন্ডার আহ্বান করা হচ্ছে। কাজের নাম : দুই (২) বছরের জন্য মালদা ডিভিসনের সিনি. ডিসিএম/পূর্ব রেলওয়ে/মালদার অধীনে পিআরএস, পিআরএস-কাম-ইউটিএস, ইউটিএস লোকেশন ইত্যাদির জন্য সব যন্ত্রাংশের (নেটওয়ার্কিং সহায়তাকারী যন্ত্রসমূহ ব্যতীত যেমন রাউটার, মোডেম, সুইচ, টার্মিনাল সার্ভার এবং ল্যান এক্সটেন্ডার) বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি (এএমসি)-র ওপেন টেন্ডার। এএমসি'র জন্য টেন্ডার মূল্য : ₹ ১৫,৮৭,৬৫৮। বায়না অর্থ : ₹ ৩১,৭৫৩। টেন্ডারটি বিশদে পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in দেখা যাবে এবং এছাড়াও সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, ডিআরএম বিল্ডিং, পো:অ: - ঝলঝলিয়া, জেলা : মালদা অফিসে ১২.১১.২০১৮ থেকে ০৩.১২.২০১৮ তারিখ পর্যন্ত সকাল ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত যে কোনও কাজের দিনে (ছুটির দিন ব্যতীত) দেখা/ক্রয় করা যাবে। নির্ধারিত বয়ানে পূরণ করা টেন্ডার সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে মালদার অফিসে বা স্টেশন ম্যানেজার/ভাগলপুর অফিসে ০৪.১২.২০১৮ (শেষ তারিখ) বিকেল ৩টে পর্যন্ত টেন্ডার বাক্সে জমা করা যাবে এবং সেগুলি ০৫.১২.২০১৮ তারিখ বিকেল ৪টায় খোলা হবে।

Adunique (মালদা-৫৬/২০১৮-১৯)

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ে-এর ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in থেকেও পাওয়া যাবে

রাজশ্রী লটারী

GOA STATE LOTTERIES
Result of 08.11.2018

Rajshree Daisy – Thursday Morning Weekly Lottery
Draw 7th Date 08.11.2018 at 11:55AM
1st 26.04 Lakhs 32L 08673
Cons. Prize 9500/- 08673
(REMAINING ALL SERIALS)

2nd 9000/-				
19744	23713	25189	31789	52622
54260	56390	59133	66257	70960
3rd 500/-				
2416	3225	3594	3737	4120
5200	5465	8159	8818	9160
4th 250/-				
1408	1689	4020	4024	5070
5309	7475	8239	9348	9985
5th 120/-				
0029	0775	2201	3268	3994
4789	5952	7010	7757	8776
0120	1021	2212	3328	4142
4805	5969	7011	7769	8791
0159	1042	2216	3339	4145
4911	5998	7039	8014	8825
0263	1300	2244	3343	4186
5064	6022	7101	8029	8924
0396	1449	2460	3624	4191
5093	6225	7122	8101	9059
0479	1532	2587	3689	4342
5560	6266	7185	8190	9171
0494	1543	2876	3801	4611
5584	6294	7211	8196	9241
0547	1914	3024	3808	4633
5631	6535	7387	8505	9394
0556	1947	3098	3817	4701
5729	6570	7503	8712	9769
0701	1957	3210	3988	4739
5861	6812	7700	8731	9865

Rajshree Tapi – Thursday Weekly Lottery
Draw 7th Date 08.11.2018 at 04:00PM
1st 26.05 Lakhs 54J 18254
Cons. Prize 9500/- 18254
(REMAINING ALL SERIALS)

2nd 9000/-				
00659	06348	24042	26183	35129
35174	37444	38100	41593	85271
3rd 500/-				
0278	1822	2459	6307	7111
7937	7967	7968	8677	9931
4th 250/-				
0174	0179	0512	1476	2658
2679	4181	4945	6013	6128
5th 120/-				
0054	0964	1706	3111	3807
5217	5984	6895	8408	9160
0271	1021	1919	3224	3827
5348	6016	7161	8637	9349
0346	1089	1953	3330	3838
5396	6030	7353	8655	9377
0355	1131	2004	3435	3917
5522	6146	7706	8759	9482
0402	1168	2144	3443	4295
5527	6179	7821	8881	9581
0424	1223	2226	3566	4481
5528	6182	7845	8884	9756
0425	1269	2401	3643	4571
5550	6235	7889	8907	9824
0748	1284	2684	3658	4761
5641	6247	7923	8932	9846
0779	1501	2846	3668	4892
5752	6619	8174	8984	9856
0825	1685	2957	3764	5118
5853	6831	8407	9012	9891

Rajshree Dove – Thursday Evening Weekly Lottery
Draw 7th Date 08.11.2018 at 08:00PM
1st 26.06 Lakhs 74C 07814
Cons. Prize 9500/- 07814
(REMAINING ALL SERIALS)

2nd 9000/-				
04575	04922	05162	11917	24669
24965	34678	40472	48687	97631
3rd 500/-				
3111	3687	4067	5722	5750
7858	8207	9168	9315	9484
4th 250/-				
0403	1528	1886	1909	2632
3536	5271	7113	8739	9200
5th 120/-				
0194	1163	2206	3154	3762
5051	6586	7321	8302	9524
0227	1164	2252	3207	4001
5337	6658	7322	8341	9601
0231	1477	2322	3321	4097
5362	6715	7329	8353	9642
0348	1971	2540	3368	4151
5404	6756	7471	8534	9658
0430	1977	2633	3398	4190
5681	6757	7569	8642	9750
0451	2016	2675	3410	4231
5824	6794	7575	8784	9763
0577	2047	2785	3501	4538
5829	7054	7725	8832	9765
0861	2080	2797	3532	4888
6293	7101	8092	8860	9853
0912	2108	3030	3593	4937
6349	7150	8116	9389	9963
0923	2176	3048	3672	4957
6467	7219	8140	9402	9966

Kindly Check the Results with Official Gazzette   Issued by : The Director, Goa State Lotteries, Panjim

FOR RESULTS : RAJSHREE PAPER LOTTERY APP
RAJSHREE   Download from Google Play   WWW.iLDL.iN
INDIAN LOTTERY DISTRIBUTION LIMITED   Ph. : 033 - 4080 8040

চিকিৎসা

সফল হোমিও চিকিৎসা

কলকাতার প্রখ্যাত হোমিও বিশেষজ্ঞ Dr. S. S. Roy, MD, M.R.S.H (Lond.), শিলিগুড়িতে ক্যানসার ও অন্য সমস্ত জটিল রোগের চিকিৎসা করবেন ১০, ১১ নভেঃ শনি, রবি। হোটেল বেঙ্গল ইন্টারন্যাশনালে (সালুজার পাশে), হিলকার্ট রোড। মোঃ 9051121630. (Kol)

বিক্রয়

নরেশ মোড় এলাকায় 3 Katha রেজিস্ট্রি জমি সত্বর বিক্রয়। 9434056065. (C/78399)

কালার করোগেটেড টিন

ডুরাসাইন টাটা ব্লুস্কোপ, এক্সক্লুসিভ ডিলার-বি. মিশ্র অ্যান্ড কোঃ, বেগুনটারী মোড়, জলপাইগুড়ি। ফোন-9832044425. (NA)

টাওয়ার

৪জি টাওয়ার-ছাদ, প্লট, অগ্রিম ৯০ লক্ষ, ভাড়া ৯০০০০, প্রঃ মাঃ ২৫০০০। # 9115150489, 8872365917. (DHL)

•

৪জি টাওয়ার-ছাদ, প্লট, অগ্রিম-৯০ লক্ষ, ভাড়া ৮০০০০, প্রঃ মাঃ ২০,০০০ # । 8810361935, 8766248085. (DHL)

জ্যোতিষ

জ্যোতিষ ও তন্ত্রগুরু আচার্য গর্গরাজ শাস্ত্রী 10 থেকে 15 কোচবিহার স্টেশন চৌপথি নিজস্ব জ্যোতিষ ভবনে। 98320-60428.(C/78341)

•

রাঃ স্বাঃ ভারতশ্রেষ্ঠ জ্যোতিষী ও মহাতান্ত্রিক শ্রী গোপাল দশমহাবিদ্যাখ্যাত, ডামরতন্ত্রবিদ যাবতীয় তন্ত্রকার্যে অনন্যতম। ৫৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন সুদক্ষ হস্তরেখা বিশারদ যার গণনা ও প্রতিকারে দেশ-বিদেশের হাজার হাজার মানুষ উপকৃত। শিক্ষায় বাধা, ব্যবসায় বাধা, বিবাহে বাধা, সর্ববাধা দূরীকরণে এক অসাধারণ ব্যক্তিত্ব, সব জ্যোতিষী বারবার শ্রী গোপালকে একবার। হাত দেখে যা বলেন তাই ফলে, অশুভগ্রহদোষ কাটাতে আসুন। ইং ১২-১৫ কোচবিহার যুবরাজ হোটেল রুম নং ১০৫, ১৬, ১৭ শিলিগুড়ি রাজা লজ, ক্ষুদিরামপল্লি, ১৮,১৯ রায়গঞ্জ, হোটেল নটরাজ ইন রুম নং-২৫, দক্ষিণা ৫০১/-। (M) 9775618363. (C/78399)

জ্যোতিষ শিখুন কোচবিহার ও শিলিগুড়িতে

অল্প সময়ে মূল সূত্র বিচার প্রতিকার লিখে প্রচুর উপার্জন শুরু করুন। শিক্ষান্তে সহযোগিতা। (M) 9230405320. (C/78398)

বশীকরণ হবেই হবে

তান্ত্রিক 'শ্রী রঞ্জন শাস্ত্রী'। প্রেমে ধোঁকা, ব্যবসায় লস্, শত্রুর উৎপাত, বিচ্ছেদ সমাধানে ১০০% গ্যারান্টি। (বিফলে মূল্য ফেরৎ)। শিলিগুড়ি, কোচবিহার, মালদা, রায়গঞ্জ। 9830855418. (Kol)

তন্ত্র ভৈরব 'দীনেশ আচার্য্য'

কামাক্ষ্যা সুলেমানী তন্ত্রে ৭ দিনে তীব্র বশীকরণ সহ সর্ব সমস্যা ১০০% গ্যারান্টিতে সমাধান। কোচবিহার (11/11), জলপাইগুড়ি (12/11), শিলিগুড়ি (13/11), মালদা (14/11)। M-7063347196. (Kol)

তীব্র মায়াবী বশীকরণে শ্রেষ্ঠ কালাজাদু সম্রাট 'অর্জুন শাস্ত্রী'

আবার আপনাদের শহরে উপকৃত ভক্তদের বহু অনুরোধে সর্ব সমস্যার স্থায়ী সমাধান (প্রমাণিত)। অন্যত্র বিফলেরাও আগে আসুন। কোচবিহার (11/11), জলপাইগুড়ি (12/11), শিলিগুড়ি (13/11), মালদা (14/11)। M-8695267505. (Kol)

SRI MAHABIR COLONY SEVA SAMITY, N.J.P., BHAKTINAGAR
Result of Lucky Draw Coupon.
Draw Date-7/11/18
Consolation Prizes
1) 4268, 2) 4777, 3) 6859, 4) 5087, 5) 2971, 6) 3198. 7) 3454, 8) 6385, 9) 5071, 10) 4197
1st Prize 6238, 2nd 6288, 3rd 4601, 4th 1985, 5th 1592, 6th 4795

No 1 হারবাল- হোমিও SEX চিকিৎসা বিশেষজ্ঞ
ভারতের সর্বশ্রেষ্ঠ যৌন রোগ
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন ১০০% গ্যারান্টি সুচিকিৎসা
প্রথম দিন থেকেই কাজ শুরু - অতি অল্প খরচে
৭৫ বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মত
AMERICAN MEGA HQ লিঙ্গ বর্ধক যন্ত্র তেল লিঙ্গকে 7"-10" লম্বা, 2"- 3" মোটা করে, সেক্স টাইম 30-40 মি. বাড়ে
পাইলস, ফিসচুলা, গাঠের ব্যাথা ও নেশা ছাড়ানোর গ্যারান্টি ট্রিটমেন্ট। বিফলে মূল্য ফেরৎ
আনন্দ হারবাল
শিলিগুড়ি:হিলকার্ট রোড,স্টেট ব্যাঙ্কের পাশে। দোতলা
81588-17822

অর্কেস্ট্রা

The Sigma Fantasy অর্কেস্ট্রা শিলিগুড়ি কলিকাতা, মুম্বাই ও স্থানীয় শিল্পী দ্বারা অনুষ্ঠানের জন্য ফোন করুন 97350-29124/98323-64369. (C/78398)

•

উত্তরবঙ্গের সবচেয়ে জনপ্রিয় OM অর্কেস্ট্রা। অনুষ্ঠানের জন্য যোগাযোগ করুন। সৌরভ বাবুজী। (M) 94755-30600. (C/78398)

দি SARGAM অর্কেস্ট্রা

সমস্ত ধরনের শিল্পী সমন্বয়ে অনুষ্ঠানের জন্য যোগাযোগ করুন ঃ 98320-30468, 96799-52542, শিলিগুড়ি। (C/78398)

লোন

মুদ্রা ফিনান্স স্কিম 2018-এর অন্তর্গত আধারকার্ড, মার্কশীট, বিজনেস, পার্সোনাল লোন পান 12-24 ঘণ্টার মধ্যে। কোনো গ্যারান্টি ও ফাইল চার্জ ছাড়া। ইন্টারেস্ট 2%, ডিসকাউন্ট 40%। 8621004441, 8621004139. (Kol)

কর্মখালি

(যে কোনো যোগ্যতায়) গার্ড/সুপারভাইজার/হাউস কিপিং চাই। থাকা খাওয়ার ব্যবস্থা + মাসে ছুটি আছে। বেতন (8-10,500/-) (M) 9593009550. (C/78501)

•

যোগ্যতানুযায়ী জেলাভিত্তিক পুরুষেরা পার্ট টাইম কাজ করে ভালো আয় করতে যোগাযোগ করুন ঃ-9432978914. (C/78364)

•

Spot Income সমগ্র উত্তরবঙ্গে জেলাভিত্তিক Part Time কাজ করতে কল করুন। 9432829650. (C/78364)

•

বাড়িতে বসে ফর্মফিলাপ বা ব্যাঙ্ক, অফিসের কাজে মাসে ১৮,০০০/- পর্যন্ত বেতন। (M) 9804500175. (PKB)

•

শিলিগুড়িতে যেকোনো যোগ্যতায় একজন Security Guard চাই। বেতন ৮০০০ টাকা। থাকা ফ্রি। বয়স ২৫ থেকে ৪২ এর মধ্যে। (M) 7797649338. (C/78504)

•

জলপাইগুড়িতে দোকানে কাজের জন্য ছেলে, সাইটে থাকবার ছেলে এবং ড্রাইভার চাই। মোঃ 9434054095. (C/78094)

•

HDS Foundation এ Social Work করার মানসিকতা থাকা মহিলা আবশ্যক। Graduate, Salary 7000/-। আশ্রমপাড়া, শিলিগুড়ি। Ph-9564017111. (C/78399)

•

কোম্পানিতে অষ্টম শ্রেণি পাস, সাইকেল থাকা আবশ্যক অফিস বয় চাই। Salary 7000/-, আশ্রমপাড়া, শিলিগুড়ি। Ph-9564036111. (C/78399)

চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা বেতন (10,600-28,700)

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীর জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রত্যেকটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট ঃ SV, অফিস বয়, ক্লার্ক, ইনচার্জ, পিওন, ATM গার্ড, Pvt. (ব্যাংকে) প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা, খাওয়া ফ্রি। যোগাযোগের সঙ্গে সঙ্গে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। (M) 8348222418. (C/78387)

সরাসরি নিয়োগ

উঃ বঙ্গের প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., ফ্যাক্টরি, শপিং মলে ও শোরুমে বিভিন্ন পদে কর্মী নিয়োগ। বেতন (14500/- - 18,500/-), (M) 9163285990. (C/78387)

CINEMA সিনেমা

Now Showing at **VISHAL**
THUGS OF HINDUSTAN
Xing :Amitabh Bacchan, Amir Khan, Katrina Kaif
Time : 1, 4, 7 p.m.

Now Showing at **MEGHDOOT**
PLATFORM NO. 2
(Bhojpuri)
Time : 1.30, 4.30, 7.30 pm

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনো এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনো বিজ্ঞাপনের সত্যতা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনো প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।